# বিশেষ অনুশীলন -১

একাদশ শ্রেণি — বিষয় কোডঃ ২৫৩

সময়ঃ ১ ঘন্টা ২০ মিনিট — বিষয়ঃ হিসাববিজ্ঞান -১ম পত্র (সৃজনশীল +বহুনির্বাচনি) (অধ্যায়-১,২,৬) — পূর্ণমান - ৫০

**[ বিঃ দ্রঃ সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]**

**সৃজনশীল অংশঃ**

**১.** ২০১৯ সালের ডিসেম্বর মাসে সাদমান এন্টারপ্রাইজের ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছেঃ

ডিসেম্বর-১ নগদ উদ্বৃত্ত ৬০,০০০ টাকা ও ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,০০০ টাকা।

" ৫ নগদে ক্রয় ১২,০০০ টাকা।

" ৭ নগদ উত্তোলন ৩,০০০ টাকা।

" ১০ নগদে বিক্রয় ২৫,০০০ টাকা।

" ১৩ ব্যাংকে জমা দেয়া হলো ১৫,০০০ টাকা।

" ১৫ সাগরের নিকট হতে প্রাপ্তি ৩৫,০০০ টাকা।

" ১৮ সাজ্জাদের পাওনা ১২,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১১,৬০০ টাকার চেক দেয়া হলো।

" ২২ সৈকতের নিকট পাওনা ২৮,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ২৭,৩০০ টাকার চেক পাওয়া গেল।

" ২৭ ভাড়া পাওয়া গেল ৬,০০০ টাকা।

" ৩০ নাসরিনকে প্রদান ১০,০০০ টাকা।

ক. উপরিউক্ত তথ্য হতে মোট নগদ প্রদানের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত তথ্য হতে একখানা তিনঘরা নগদান বই তৈরি কর। ৪

গ. উপরিউক্ত তথ্য হতে একখানা নগদ প্রাপ্তি জাবেদা তৈরি কর। ৪

**২.** ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে মুন কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীতে নিম্নলিখিত তথ্যসমূহ পাওয়া যায়-

| | টাকা |
|---|---|
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | ৪,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩৫,০০০ |

২০১৯ সালের প্রাপ্য হিসাব সম্পর্কিত লেনদেনসমূহ নিম্নরূপঃ

| | টাকা |
|---|---|
| ধারে বিক্রয় | ৮৫,০০০ |
| অনাদায়ি পাওনা অবলোপন করতে হবে | ৫,০০০ |
| নতুন অনাদায়ি পাওনা সঞ্চিতি | ৫% |

ক. ২০১৯ সালের অনাদায়ি পাওনা খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. অনাদায়ি পাওনা খরচ হিসাব এবং অনাদায়ি পাওনা সঞ্চিতি হিসাব তৈরি কর। ৪

**বহুনির্বাচনি অংশঃ** ১ × ৩০ = ৩০

১। নিচের কোনটি হিসাব সমীকরণের বর্ধিত রূপ?

ক. সম্পদ = দায়+মূলধন-আয়+খরচ -উত্তোলন খ. সম্পদ = দায়+মূলধন+আয় -খরচ -উত্তোলন

গ. সম্পদ = দায়- মূলধন-আয়+খরচ +উত্তোলন ঘ. সম্পদ = দায় -মূলধন +আয়-খরচ +উত্তোলন

২। হিসাববিজ্ঞানের স্থায়ী বই কোনাটি?

ক.লেনদেন খ. জাবেদা গ.খতিয়ান ঘ.আর্থিক বিবরণী

●নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাওঃ

প্রারম্ভিক মজুদ ৩৩,৫০০ টাকা, ক্রয় ৬০,০০০ টাকা, ক্রয় ফেরত ৩,০০০ টাকা, ক্রয় বাট্টা ২,০০০ টাকা, মজুরি খরচ ১০,০০০ টাকা, অফিস ভাড়া ৬,০০০ টাকা, মেশিনের বহন মূল্য ৪৫,০০০ টাকা)।

৩। উপরিউক্ত তথ্যের আলোকে নিট ক্রয়মূল্য কত?

ক. ৫৩,৫০০ টাকা খ. ৫৫,০০০ টাকা গ. ৬৫,০০০ টাকা ঘ. ৯৮,৫০০ টাকা

৪। পরিবহন ব্যয়ের অন্তর্ভূক্ত -

i.মেশিনের পরিবহন খরচ ii.পরিবহন খরচ iii.ক্রয় পরিবহন খরচ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii গ. i ও iii ঘ. i, ii ও iii

৫। ধারে বিক্রয়ের ফলে হিসাব সমীকরণ (A=L+OE) এর কোন উপাদানের পরিবর্তন হবে?
ক. Aও L খ. Aও OE গ. Lও OE ঘ. A,Lও OE

৬। হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?
ক. আয়কর কর্তৃপক্ষ খ. পাওনাদার গ. ব্যবস্থাপক ঘ. বিনিয়োগকারী

●নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:
সফি ট্রেডার্সের প্রারম্ভিক প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত ২,০০,০০০ টাকা, ২০১৮ সালের মোট বিক্রয় ১০,০০,০০০ টাকা, বিক্রয় ফেরত ধারে বিক্রয়ের ২০,০০০ টাকা। ধারে বিক্রয় মোট বিক্রয়ের ৮০% অনাদায়ি পাওনা সঞ্চিতি নিট ধারে বিক্রয়ের ২%।

৭। ২০১৮ সালে অনাদায়ি পাওনা খরচের পরিমাণ কত?
ক. ১১,৬০০ টাকা খ. ১৫,৬০০ টাকা গ. ১৯,৬০০ টাকা ঘ. ২০,০০০ টাকা

৮। সফি ট্রেডার্স প্রাপ্য হিসাবের ওপর ২% অনাদায়ি পাওনা ধার্য না করার সিদ্ধান্ত নিলে আর্থিক অবস্থার বিবরণীতে কী প্রভাব পড়বে?
ক. মালিকানাস্বত্ব ও সম্পদ বৃদ্ধি পাবে খ. মালিকানাস্বত্ব ও সম্পদ হ্রাস পাবে
গ. মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে ও সম্পদ হ্রাস পাবে ঘ. মালিকানাস্বত্ব হ্রাস পাবে ও সম্পদ বৃদ্ধি পাবে

৯। ধারে ক্রয় ২,০০,০০০ টাকা, কারবারি বাট্টা ১০% এবং ১৫% ভ্যাট। প্রদেয় ভ্যাট কত হবে?
ক. ২৩,৪৭৮ টাকা খ. ২৬,০৮৭ টাকা গ. ২৭,০০০ টাকা ঘ. ৩৫,০০০ টাকা

১০। বাকিতে পন্য বিক্রয় হিসাব সমীকরণে কী প্রভাব ফেলবে?
ক. সম্পদ ও মালিকানাস্বত্ব বৃদ্ধি খ. দায় ও মালিকানাস্বত্ব বৃদ্ধি গ. সম্পদ ও মালিকানাস্বত্ব হ্রাস ঘ. দায় ও মালিকানাস্বত্ব হ্রাস

১১। ডেবিট নোটের জন্য কোন বই প্রয়োজন?
ক. ক্রয় ফেরত খ. বিক্রয় ফেরত গ. ক্রয় ঘ. বিক্রয়

১২। হিসাববিজ্ঞানের উদ্দেশ্য হলো-
i. ফলাফল নির্ণয় করা ii. আর্থিক অবস্থা নিরুপন করা iii. লেনদেনের স্থায়ী হিসাব রাখা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii গ. i ও iii ঘ. i, ii ও iii

১৩। যন্ত্রপাতি ক্রয় ৩০,০০০ টাকা, বহন খরচ ৩,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৭,০০০ টাকা হলে যন্ত্রপাতি হিসাব কত টাকা ডেবিট হবে?
ক. ৪০,০০০ টাকা খ. ৩৭০,০০০ টাক গ. ৩৩,০০০ টাকা ঘ. ৩০,০০০ টাকা

১৪। ব্যবসায়ের অভ্যন্তরীণ দায় কোনটি?
ক. বকেয়া ঋণের সুদ খ. প্রদেয় হিসাব গ. ব্যাংক ঋণ ঘ. মূলধন

১৫। অনাদায়ি পাওনা কোন জাতীয় হিসাব?
ক. আয় খ. সম্পদ গ. ব্যয় ঘ. দায়

১৬। অনাদায়ি পাওনা সঞ্চিতি ৫,০০০ টাকার দ্বারা বৃদ্ধি করতে হবে। রেওয়ামিলে অনাদায়ি পাওনা সঞ্চিতির উদ্বৃত্ত ৮,০০০ টাকা হলে নতুন অনাদায়ি পাওনা সঞ্চিতি কত টাকা?
ক. ৩,০০০ টাকা খ. ৫,০০০ টাকা গ. ৮,০০০ টাকা ঘ. ১৩,০০০ টাকা

●নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাওঃ
বাদল ট্রেডার্সের ২০১4 সালের ১লা জানুয়ারি তারিখে অনাদায়ী পাওনা সঞ্চিতির ক্রেডিট উদ্বৃত্ত ছিল ২,০০০ টাকা। সারা বছরের ধারে বিক্রয় ১,০৫,০০০ টাকা, বিক্রয় ফেরত ৩,৫০০ টাকা ও বিক্রয় বাট্টা ১,৫০০ টাকা। অনাদায়ী পাওনা ২,৫০০ টাকা। প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি কর।

১৭। নিট ধরে বিক্রয় কত হবে?
ক. ১,০০,০০০ টাকা খ. ১,০৩,৫০০ টাকা গ. ১,০৫,০০০ টাকা ঘ. ১,১০,০০০ টাকা

১৮। নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ কত?
ক. ১,০০,০০০ টাকা খ. ১,০৩,৫০০ টাকা গ. ১০,৫০০ টাকা ঘ. ১১,০০০ টাকা।

১৯। অনাদায়ি পাওনা কেন সৃষ্টি হয়?
ক. দুর্বল মানসিকতার কারণে খ. আর্থিক অনটন ও দেউলিয়াপন্যর কারণে
গ. মহাজন ও ব্যবসায়ীদের সুদ বৃদ্ধির কারণে ঘ. জনসংখ্যা বৃদ্ধির কারণে

২০। অনাদায়ি পাওনা সঞ্চিতির পরিমাণ বৃদ্ধির ফলে আয় বিবরণীতে কী প্রভাব পড়ে?
ক. মোট আয় হ্রাস পায় খ. নিট আয় বৃদ্ধি পায় গ. মোট আয় বৃদ্ধি পায় ঘ. নিট আয় হ্রাস পায়

২১। একটি প্রতিষ্ঠানের মোট সম্পত্তি ৬০,০০০ টাকা । দায় মোট সম্পত্তির ১/২ অংশ। কারবারের মালিকানা স্বত্বের পরিমাণ কত?
ক. ৩০,০০০ টাকা খ. ৪০,০০০ টাকা গ. ৪৫,০০০ টাকা ঘ. ৬০,০০০ টাকা

২২। ভবিষ্যতে সেবা প্রদানের জন্য অগ্রিম গ্রহণ করা হলে কোন হিসাবকে ক্রেডিট করতে হবে?

(ক) অর্জিত সেবা আয় (খ) অনুপার্জিত সেবা আয় গ) প্রাপ্ত সেবা আয় (ঘ) প্রাপ্য হিসাব

২৩। জনাব ইউনুস একজন খুচরা ব্যবসায়ী । বছর শেষে তার দায় ছিল ৯,৫৭৫ টাকা এবং মালিকানাস্বত্ব ছিল ১৫,০০৫ টাকা ; তাহলে তার সম্পত্তি কত হবে?

(ক) ৫,৪৩০ টাকা (খ) ৭,৫০৫ টাকা (গ) ৯,৫৭৫ টাকা (ঘ) ২৪,৫৮০ টাকা

২৪। কোন চলমান প্রতিষ্ঠানের গত সময়ের সম্পত্তি ও দায়সমূহ বর্তমান বছরের হিসাব বইতে আনা হয় কোন জাবেদার মাধ্যমে?

(ক) স্থানান্তর (খ) প্রারম্ভিক (গ) সমাপনী (ঘ) সমন্বয়

২৫। সাপ্লাইজ ক্রয় করা হলে-

(i) সাপ্লাইজ হিসাব ডেবিট হবে (ii) নগদান হিসাব ক্রেডিট হবে (iii) প্রদেয় হিসাব ক্রেডিট হবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

● নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাওঃ

মিঃ জামান নগদ ৫০,০০০ টাকা, ২০,০০০ টাকার ব্যাংক ঋণ ও ৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। সংশ্লিষ্ট বছরে কারবারের মুনাফা অর্জিত হয় ৩০,০০০ টাকা। তিনি কারবার হতে ৩,০০০ টাকা নগদ উত্তোলন করেন এবং তার ছেলের স্কুলের বেতন বাবদ ১,০০০ টাকা কারবার হতে পরিশোধ করেন।

২৬। ছেলের বেতন প্রদানের ফলে হিসাব সমীকরণে প্রভাবিত হবে-

(i) মালিকানাস্বত্ব (ii) সম্পত্তি (iii) দায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i,ii ও iii

২৭। ৩০,০০০ টাকা মুনাফা অর্জনের ফলে মিঃ জামানের কারবারে কী বৃদ্ধি পেয়েছে?

(ক) সম্পত্তি (খ) মালিকানা স্বত্ব (গ) দায় (ঘ) উত্তোলন

২৮। প্রতিষ্ঠানের প্রতিটি খাতের ক্রমাগত পরিবর্তন ও নিট পরিমাণ জানার জন্য কোনটি প্রস্তুত করা হয়?

(ক) হিসাব (খ) জাবেদা (গ) নগদান বই (ঘ) রেওয়ামিল

২৯। নগদ প্রাপ্তি জাবেদার বৈশিষ্ট্য-

(i) নগদ লেনদেন (ii) বিশেষ জাবেদা (iii) ডেবিট উদ্বৃত্ত

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i,ii ওiii

৩০। ১০,০০০ টাকার প্রদেয় হিসাব পূর্ণ নিস্পত্তিতে ৯,৮৫০ টাকায় নিস্পত্তি করা হল। হিসাব সমীকরণে লেনদেনটির প্রভাব-

(i) সম্পত্তি হ্রাস পাবে (ii) দায় হ্রাস পাবে (iii) মালিকানাস্বত্ব হ্রাস পাবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i,ii ও iii